

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ এর কার্যালয়
এমআইএস এন্ড এস্টেটস সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ফোনঃ ৮৮৭৯৩৩২, ফ্যাক্স : ৮৮৭৯৩৭৫।
ই-মেইল : semis@rhd.gov.bd

স্মারক নং- ১৫০/৬(৬) MIS

তারিখঃ ০৬/০৬/১৭

বিষয় : ভূমি ব্যবস্থাপনা Software-এ তথ্য এন্ট্রি হালনাগাদ প্রসঙ্গে।

সূত্র : ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর স্মারক নং-১২৬ তাং- ১৯/০৭/২০১৭ইং।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এস্টেটস সার্কেল এর স্মারক নং-১২৩(৬০) MIS তারিখ ০৫/০৭/২০১৭ইং, তাহার স্মারক নং-৩০৩(৫০) MIS তারিখ ২২/১১/২০১৬।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ভূমি ব্যবস্থাপনা Software-এ তথ্য হালনাগাদ করণ একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু, মাঠ পর্যায়ে থেকে কোন কোন সড়ক বিভাগের এ বিষয়ে তথ্য হালনাগাদকরণের বর্তমান চিত্র অত্যন্ত হতাশাজনক। এ লক্ষ্যে গত ১৩/০৫/২০১৭ইং তারিখে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সওজ প্রশিক্ষণ কেন্দ্র হতে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। কিন্তু এরপরও দেখা যাচ্ছে যে, মাঠ পর্যায়ের কিছু কিছু সড়ক বিভাগ যথাযথ ভাবে তথ্য এন্ট্রি সম্পন্ন করছে না, অন্যদিকে কোন কোন সড়ক বিভাগ ভুল পদ্ধতিতে তথ্য হালনাগাদ করছে। অথচ কিছু কিছু সড়ক বিভাগ ইতিমধ্যে সাফল্যের সাথে এন্ট্রি সম্পন্ন করেছে। বার বার তাগিদ দেওয়া সত্ত্বেও কেন এন্ট্রি সম্পন্ন হচ্ছে না, তথ্য এন্ট্রিতে কি সমস্যা, কেন অগ্রগতি হচ্ছে না তা ব্যাখ্যা প্রদানের জন্য বা কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এন্ট্রিতে বা Software-এ কোন সমস্যা থাকলে (কাজী আব্দুল্লাহ আল মামুন, প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, মোবাঃ ০১৬৭৪-৯৮১৯২৭) এর সাথে যোগাযোগ করতে বলা হলো। যে সকল সড়ক বিভাগ ইতোমধ্যে সাফল্যের সাথে এন্ট্রি সম্পন্ন করেছে তাদের সাথে সমন্বয় করেও এন্ট্রি সম্পন্ন করার ব্যবস্থা নেওয়া যেতে পারে। এ ব্যাপারে যশোর সড়ক বিভাগের Software-এ এন্ট্রি টি নমুনা হিসাবে বিবেচনা করতে বলা হলো (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, তার সড়ক বিভাগের ভূমি ব্যবস্থাপনা Software-এ এন্ট্রির অসম্পূর্ণ অংশ আগামী ১৫(পনের) দিনের মধ্যে দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।।

সংযুক্তিঃ- বর্ণনামতে ৪(চার) পাতা।

৬/৬/১৭
(কে.এম, আতিকুল হক)
পরিচিতি নং- ০০৫২১৭
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
এমআইএস এন্ড এস্টেটস সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

বিতরণ,

নির্বাহী প্রকৌশলী, সওজ,

-----, সড়ক বিভাগ।

অনুলিপি :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (এস্টেট উইং), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, -----জোন,-----।
- ৫। যুগ্ম-সচিব, (এস্টেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, সওজ, ল্যান্ড রেকর্ড এন্ড একুইজিশন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।